Advertisement(Award)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.moysports.gov.bd**

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৮৭.০০১.২২-৩৭

তারিখ : ১৭ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে চলতি ২০২১-২০২২ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" প্রদানের কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে যুবদের সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য চলতি ২০২১-২০২২ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পুরস্কারের সংশোধিত বিজ্ঞপ্তি ২৮ মার্চ, ২০২২ তারিখে **The Daily Observer** এবং ৩১ মার্চ, ২০২২ তারিখে বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত হয়েছে। বহুল প্রচারের জন্য পুরস্কারের বিজ্ঞপ্তি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটসহ জেলা ও উপজেলা পোর্টালে প্রচারে, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর অধীন সকল মোবাইল অপারেটর কর্তৃক ক্ষুদে বার্তা SMS এর মাধ্যমে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০২। পুরস্কারের বিজ্ঞপ্তি অনুযায়ী মাঠ পর্যায়ে আবেদন দাখিলের সর্বশেষ সময় ১০ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ। এ লক্ষ্যে মাঠ পর্যায় থেকে আবেদন যাচাই-বাছাইপূর্বক তা উপজেলা কমিটি - জেলা কমিটি - মন্ত্রণালয় বরাবর প্রেরণের সময়সীমা নিম্নোক্তভাবে নির্দেশক্রমে নির্ধারণ করা হয়েছেঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা কমিটির জন্য | **১১ এপ্রিল, ২০২২ খ্রি. হতে হতে ২০ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত** |
| ২. | জেলা কমিটির জন্য | **২১ এপ্রিল, ২০২২ খ্রি. হতে ০৫ মে, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত** |

০৩। উপর্যুক্ত সময়সীমা অনুযায়ী এ বিষয়ে সকল প্রকার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের ২৮ মার্চ, ২০২২ তারিখের ৩৪.০০.০০০০.০৫১.৮৭.০০১.২২-২৯ সংখ্যক স্মারক মারফত মাঠ পর্যায়ে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারসহ যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা ও উপেজলা কার্যালয়ের কর্মকর্তাদের অনুরোধ করা হয়েছে।

০৪। শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২ প্রদান মে/২০২২ মাসের তৃতীয় সপ্তাহে আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকায় মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিসহ সময় ও তারিখ নির্ধারণের জন্য প্রধানমন্ত্রী কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। এ লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি **বিনা ব্যর্থতায় আগামী ০৬ মে, ২০২২ খ্রি. তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা প্রয়োজন।**

০৫। এমতাবস্থায়, যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে চলতি ২০২১-২০২২ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল প্রকার সার্বিক সহযোগিতা প্রদানসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ বিষয়ে জরুরিভাবে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/৩/'২২
মোঃ রবিউল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৮৮৭৮

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল)
৩। উপসচিব (যুব-১), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় (**নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ০৬ মে, ২০২২ খ্রি. তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ের প্রেরণের অনুরোধসহ**)।
৮। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন শাখা
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

নথি নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.১২৫.২১-৬২৯ তারিখ- ৩১ মার্চ ২০২২।

পত্রের নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

**সদয় কার্যার্থে:**

০১। উপপরিচালক-------------------------------(সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর (সকল প্রক্রিয়া সম্পন্ন করে ৬ মে তারিখের মধ্যে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
০২। সহকারি পরিচালক, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা------------------------(সকল)উপজেলা/থানা--------------------------(সকল) জেলা (নির্ধারিত সময়ের মধ্যে আবেদন বিনা ব্যর্থতায় জেলা কমিটি বরাবর প্রেরণের অনুরোধসহ)।

**সদয় জ্ঞাতার্থে:**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সহকারি সচিব, যুব-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

৩১।০৩।২০২২
(মো: হামিদুর রহমান)
উপপরিচালক
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন
ফোন-০২-২২৩৩৮৯৩১০